



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৪৮

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

বিষয়: জনাব আহসান উল্লাহ জুলহাস, উপাধ্যক্ষ, দিগপাইত শামছুল হক ডিগ্রী কলেজ, সদর উপজেলা, জামালপুর-এর বিরুদ্ধে নিয়োগ সংক্রান্ত রেজুলেশন টেম্পারিং করে ঘুষের বিনিময়ে ১০ জন শিক্ষক ও কর্মচারী এমপিও ভুক্তকরণের অভিযোগ।

সূত্র: ০০.০১.০০০০.১০৯.৩০.০০১.১৯.৬৬৬ ৩১ মার্চ ২০২২

দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা, এনফোর্সমেন্ট ইউনিট এর স্মারক নম্বর: ০০.০১.০০০০.১০৯.৩০.০০১.১৯.৬৬৬; তারিখ: ৩১ মার্চ ২০২২ মোতাবেক জনাব আহসান উল্লাহ জুলহাস, উপাধ্যক্ষ, দিগপাইত শামছুল হক ডিগ্রী কলেজ, সদর উপজেলা, জামালপুর-এর বিরুদ্ধে নিয়োগ সংক্রান্ত রেজুলেশন টেম্পারিং করে ঘুষের বিনিময়ে ১০ জন শিক্ষক ও কর্মচারী এমপিও ভুক্তকরণের জেলা শিক্ষা অফিসার, জামালপুর অভিযোগ যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করে। দাখিলকৃত প্রতিবেদনের আলোকে অভিযোগ সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়োগ কার্যক্রম বিধি সম্মত না হওয়ায় তাদের বিরুদ্ধে তদন্ত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণপূর্বক কমিশনকে অবহিত করা ও কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ৩০ এপ্রিল' ২০২২ খ্রি. তারিখের মধ্যে নিম্নবর্ণিত ই-মেইলে প্রতিবেদন প্রেরণের মাধ্যমে কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করেন।

ই-মেইল প্রেরণের ঠিকানা: report.enforcement.acc@gmail.com
dd.enforcement@acc.org.bd

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ১০ জন শিক্ষক কর্মচারী কারিগরি শাখায় নিয়োগ প্রাপ্ত। অধ্যক্ষ ও জনাব আহসান উল্লাহ জুলহাস, উপাধ্যক্ষ, দিগপাইত শামছুল হক ডিগ্রী কলেজ, সদর উপজেলা, জামালপুর-এর বিরুদ্ধে নিয়োগ সংক্রান্ত রেজুলেশন টেম্পারিং করে ঘুষের বিনিময়ে ১০ জন শিক্ষক ও কর্মচারী এমপিও ভুক্তকরণের অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

বর্ণিত বিষয়ে উক্ত কলেজে ১০ জন শিক্ষকের নিয়োগ ও এমপিওভুক্ত যথাযথ না হওয়ায় কেন তাদের এমপিও বাতিল করা হবে না এবং এ অনিয়মের সাথে জড়িত উক্ত উপাধ্যক্ষের বিরুদ্ধে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না ০৩ কর্ম দিবসের মধ্যে জবাব প্রেরণের জন্য অধ্যক্ষকে পত্র প্রেরণ করা এবং একই বিষয়ে ০৩ কর্ম দিবসের মধ্যে মতামত প্রদানের জন্য গভর্নিং বডির সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৫-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

ফোন: +88-02-223351057

ইমেইল: dg@dshe.gov.bd

বিতরণ :

১) সভাপতি, গভর্নিং বডি, দিগপাইত শামছুল হক ডিগ্রী
কলেজ, সদর উপজেলা, জামালপুর, .


২) অধ্যক্ষ, দিগপাইত শামছুল হক ডিগ্রী কলেজ, সদর
উপজেলা, জামালপুর, .

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২০.১৯.২৪৮/১

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯
২৪ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালক (বিশেষ তদন্ত), দুর্নীতি দমন কমিশন



২৪-৫-২০২২

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক